

মেঘের কোলে রোদ হেসেছে, বাদল গেছে টুটি । আহা, হাহা, হা ।  
 আজ আমাদের ছুটি ও ভাই, আজ আমাদের ছুটি । আহা, হাহা, হা ॥  
 কী করি আজ ভেবে না পাই, পথ হারিয়ে কোন্ বনে যাই,  
 কোন্ মাঠে যে ছুটে বেড়াই সকল ছেলে জুটি । আহা, হাহা, হা ॥  
 কেয়া-পাতার নৌকো গড়ে সাজিয়ে দেব ফুলে—  
 তালদিঘিতে ভাসিয়ে দেব, চলবে দুলে দুলে ।  
 রাখাল ছেলের সঙ্গে ধেনু চরাব আজ বাজিয়ে বেণু,  
 মাখব গায়ে ফুলের রেণু চাঁপার বনে লুটি । আহা, হাহা, হা ॥

---

Parjaay: Prakriti / Sharat, Taal: Dadra, Style: Bibhas-Baul  
 Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail